১০৷

দৈনিক সংবাদ

তারিখ 0·2 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

# নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি অবশ্যই বহাল থাকবে ঃ প্রেসনোট

এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিলের কোন পরিকল্পনা সরকারের নেই। সরকার বলেছেন নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি অবশ্যই বহাল থাকবে।

গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেস নোটে বলা হয়, এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পদ্ধতি বহালের দাবিতে ছাত্র বিক্ষোভ সম্পর্কে দেশের বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত খবরের প্রেক্ষিতে সরকার দৃঢ়ভাবে ঘোষণা করছে যে, সুধী সমাজ ও বিশেষজ্ঞ পর্যায়ে ব্যাপক পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনার পর ১৯৯২ সালের এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র পদ্ধতি চালু করা হয়েছে। এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র

প্রেস নোট ঃ পৃঃ ৮ কঃ ২

## প্রেস নোট ঃ নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি বহাল থাকবে

(১ম পৃষ্ঠার পর)

বাতিলের কোন পরিকল্পনা সরকারের নেই। নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি অবশ্যই বহাল থাকবে। তবে দেশের বৃহত্তর স্বার্থে ও এসএসসি পরীক্ষার মান বজায় রাখার লক্ষ্যে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে গৃহীত পরীক্ষা পদ্ধতিকে আরো কার্যকর ও ফলপ্রসূ করে তোলার জন্য অনুমোদিত সিলেবাসের মধ্যে হতে নৈর্ব্যক্তিক প্রশ্ন করা হবে এবং যে সকল বিষয়ে নৈর্ব্যক্তিক রচনামূলক ও ব্যবহারিক অংশ রয়েছে, সে সকল বিষয়ে নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রতিটি অংশে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে। সে সকল বিষয়ে প্রতি পত্র ৫০ নম্বরের নৈর্ব্যক্তিক এবং ৫০ নম্বরে রচনামূলক অংশে বিভক্ত, সে সকল বিষয়ে পাসের জন্য প্রতি অংশে ন্যূনতম ১৫ নম্বর পেতে হবে।